

## প্রেস বিজ্ঞপ্তি

### ঢাকায় প্রথমবারের মত অনুষ্ঠিত হতে যাচ্ছে Global Sourcing Expo-2025 Dhaka

ঢাকা, ১২ অগ্রহায়ণ ১৪৩২ (২৭ নভেম্বর ২০২৫):

রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এবং বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ১-৩ ডিসেম্বর ২০২৫ ইং সময়ে ঢাকার পূর্বাচলে অবস্থিত বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (Big Wave)-এ প্রথমবারের মত অনুষ্ঠিত হতে যাচ্ছে Global Sourcing Expo-2025 Dhaka. বিশ্ববাজারে বাংলাদেশের রপ্তানি সম্ভাবনা তুলে ধরা এবং আন্তর্জাতিক ব্যবসায়িক সম্পর্ক আরও সুদৃঢ় করা এই আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

এ উপলক্ষে আজ ২৭ নভেম্বর ২০২৫, রপ্তানি উন্নয়ন ব্যুরো'র সম্মেলন কক্ষে “Meet the Press” আয়োজন করা হয়। রপ্তানি উন্নয়ন ব্যুরো'র ভাইস-চেয়ারম্যান ও প্রধান নির্বাহী মোহাম্মদ হাসান আরিফ এ Expo সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন। অন্যান্যদের মধ্যে ইপিবি'র মহাপরিচালক বেবী রাণী কর্মকার ও মোঃ আকতার হোসেন আজাদ এবং পরিচালকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। ব্রিফিংয়ে এক্সপো আয়োজনের লক্ষ্য, সার্বিক প্রস্তুতি, বৈদেশিক অংশগ্রহণ এবং দেশের রপ্তানি সম্ভাবনা বাড়ানোর কৌশল তুলে ধরা হয়।

এবারের এক্সপোতে আফগানিস্তান, চীন, ইরান, জাপান, মায়ানমার, পাকিস্তান, সিঙ্গাপুর, শ্রীলংকা, থাইল্যান্ড, ইউএই এবং ইউএসএসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে ক্রেতা, বিনিয়োগকারী এবং সোর্সিং প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। বাংলাদেশের উল্লেখযোগ্য ০৮টি রপ্তানিখাত যথা-তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য, কৃষি ও কৃষিজাত পণ্য, প্লাস্টিক ও কিচেনওয়্যার, হোমডেকর ও ফার্নিচার, ফার্মাসিউটিক্যাল ও আইসিটি খাতের ১০০টির বেশি প্রতিষ্ঠান, বহুজাতিক কোম্পানি, পাইকারি ব্যবসায়ী, সাপ্লাই চেইন প্রতিনিধিসহ বিভিন্ন রপ্তানি বাজারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণকারীরা এ আয়োজনে অংশগ্রহণ করবেন, যা বাংলাদেশের উৎপাদক ও রপ্তানিকারকদের জন্য নতুন সুযোগ সৃষ্টি করবে।

তিন দিনব্যাপী এই আয়োজনে থাকছে ১০টি বিশেষ সেমিনার, অনলাইন ও অফলাইন B2B মিটিং, ১৫০টিরও বেশি স্টল, নেটওয়ার্কিং ডিনার ও ফ্যাশন শোসহ নানা আয়োজন।

**Global Sourcing Expo-2025 Dhaka** বাংলাদেশের বৈচিত্র্যময় রপ্তানি খাতসহ অসংখ্য সম্ভাবনাময় শিল্পকে একটি আন্তর্জাতিক প্ল্যাটফর্মে উপস্থাপন করবে। এ আয়োজন দেশের রপ্তানিকারকদের জন্য নতুন বাজার অনুসন্ধান, দীর্ঘমেয়াদি ব্যবসায়িক চুক্তি, আন্তর্জাতিক ব্র্যান্ডের সঙ্গে অংশীদারিত্ব এবং বৈশ্বিক প্রতিযোগিতায় নিজেদের অবস্থান শক্তিশালী করার গুরুত্বপূর্ণ সুযোগ তৈরি করবে।

প্রত্যাশা করা হচ্ছে, **Global Sourcing Expo-2025 Dhaka** দেশের রপ্তানি খাতে নতুন দিগন্ত উন্মোচন করবে এবং বাংলাদেশকে একটি নির্ভরযোগ্য সোর্সিং হাব হিসেবে বিশ্বের সামনে আরও দৃঢ়ভাবে উপস্থাপন করবে।

  
২৭/১১/২৫

মোহাম্মদ হুমায়ূন হোসেন  
পরিচালক  
(উপ-সচিব)  
তথ্য ও প্রকাশনা বিভাগ  
রপ্তানি উন্নয়ন ব্যুরো।

## Press Release

### **Global Sourcing Expo 2025 Dhaka is going to be held in Dhaka for the first time**

Dhaka, 27 November 2025:

The Export Promotion Bureau (EPB) and the Ministry of Commerce are organizing the **Global Sourcing Expo 2025 Dhaka**, which is going to be held for the first time at the Bangladesh-China Friendship Exhibition Center (Big Wave) in Purbachal, Dhaka from 1–3 December 2025. The objective of this expo is to highlight Bangladesh's export potential to the global market and to further strengthen international business relations.

On this occasion, today 27 November 2025, a **“Meet the Press”** event was organized at the conference room of the Export Promotion Bureau. In the “Meet the Press,” Mr. Mohammad Hasan Arif, Vice-Chairman & Chief Executive, Export Promotion Bureau briefed the media about the objectives of the expo, its preparation, foreign participation, and Bangladesh's export prospects. Ms. Baby Rani Karmakar, Director General (1), Mr. Md. Aktar Hossain Azad, Director General (2), all Directors and other senior officials of the Export Promotion Bureau were also present during the briefing.

In this year's Global Sourcing Expo 2025 Dhaka, buyers, businessmen, investors, importers, wholesalers, and supply chain representatives from **China, Japan, Afghanistan, Myanmar, Pakistan, Singapore, Sri Lanka, Thailand, the UAE, the USA**, and many other countries will participate. Their participation will add a new dimension to this expo, which will create new opportunities for Bangladeshi producers and exporters.

This three-day event will feature **10 thematic seminars**, online and offline **B2B meetings**, more than **150 stalls**, fashion shows, Networking Dinner and many more activities.

The **Global Sourcing Expo 2025 Dhaka** will showcase Bangladesh's major export sectors—**apparel, leather, home décor, ICT, agricultural products, plastics, pharmaceuticals, jute products**, and many other promising industries—on an international platform. This event will create opportunities for exploring new markets, forming long-term business agreements, establishing partnerships with international brands, and strengthening the global competitiveness of Bangladeshi exporters and producers.

It is expected that the **Global Sourcing Expo 2025 Dhaka** will create new pathways in the country's export sector and present Bangladesh as a reliable sourcing hub to the world in a stronger way.



27/11/25

Md. Wares Hossain  
Director  
(Deputy Secretary)  
Export Promotion Bureau